

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪১২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৫. প্রবৃত্তির অনুসারী, বিদ'আতী ও কলহপ্রিয় (তর্ক-বিতর্কপ্রিয়) লোকদের বর্জন করা প্রসঙ্গে

بَابُ اجْتِنَابِ أَهْلِ الْأَهْوَاءِ، وَالْبِدْعِ، وَالْخُسُومَةِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدٌ، عَنْ سَلَامِ بْنِ أَبِي مُطِيعٍ، أَنَّ رَجُلًا مِنْ أَهْلِ الْأَهْوَاءِ، قَالَ: لَا يُؤْبَ، يَا أَبَا بَكْرٍ، أَسَأَلُكَ عَنْ كَلِمَةٍ؟ قَالَ: «فَوَلَّى، وَهُوَ يُشِيرُ بِأَصْبُعِهِ وَلَا نِصْفَ كَلِمَةٍ» وَأَشَارَ لَنَا سَعِيدٌ بِخَنْصِرِهِ الْيُمْنَى

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৪১২. সালাম ইবনু আবী মুতী' হতে বর্ণিত, প্রবৃত্তির অনুসারীদের এক ব্যক্তি আইয়ুব (রহঃ)-কে জিজ্ঞেস করলো: হে আবু বাকর! আমি কি আপনাকে একটি কথা জিজ্ঞেস করতে পারি? বর্ণনাকারী বলেন: তখন তিনি উঠে চলে যেতে লাগলেন এবং তিনি তার আঙ্গুল দিয়ে ইশারা করে বললেন: আধখানা কথাও নয়।' এবং (পরবর্তী রাবী) সাঈদ আমাদের দিকে তার ডান হাতের কনিষ্ঠ আঙ্গুল দ্বারা ইশারা করে দেখালেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু বাতাহ, আল ইবানাহ নং ৪০২; আবু নুয়াইম, হিলইয়া ৩/৯; লালকাঈ, শারহ্ উসুলুল ইতিকাদ নং ২৯১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69723>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন